আমল ট্র্যাকার

ব্যবহারের নিয়ম

ধাপে ধাপে, ছবিসহ · সহজ বাংলায়

সম্পূর্ণ গাইড



নামাজ · আমল · জিকির · পড়া · দোয়া · রুটিন · রিমাইন্ডার · উইজেট · পরিসংখ্যান

এই গাইডে

সূচিপত্র

সব পাতা একসাথে (ছবিতে) ৩

১. শুরু করা ৭

২. নামাজ ১৫

৩. আমল ৩১

৪. জিকির ৩৯

৫. পড়া ৪৫

৬. দোয়া ৫০

৭. রুটিন ৫৫

৮. লক্ষ্য আর কাজ ৬০

৯. ফোকাস আর সময়ের হিসাব ৬৭

১০. লক: মনোযোগ ধরে রাখুন ৭২

১১. রিমাইন্ডার ৭৭

১২. মুহাসাবা আর পরিসংখ্যান ৮৪

১৩. উইজেট, সেটিংস আর বন্ধু ৯১

১৪. প্রশ্নোত্তর ৯৮

✓ কীভাবে পড়বেন

অধ্যায়ের নামে চাপলে সেই অধ্যায় খোলে, সেখানে আবার প্রতিটি বিষয়ের তালিকা। ছবির ফ্রেমের নম্বর আর নিচের লেখার নম্বর একই।

এক নজরে

সব পাতা একসাথে (১/৪)



প্রথমবার অ্যাপ খুললে



ভাই না বোন, আর অ্যাপের রং



নামাজের সময়ের জন্য লোকেশন



রিমাইন্ডার চালু করুন



কীভাবে শুরু করবেন



আজকের পাতা (হোম)



দ্রুত প্রবেশ আর নিচের মেনু



নামাজের পাতা এক নজরে



অগ্রগতি আর চেকলিস্ট



নামাজে চিহ্ন দিন



কোন বোতাম কখন চাপবেন



ভাই আর বোনের জন্য আলাদা



জামাতকে দুই ভাগে গুনুন



তাকবীরে উলার ৪০ দিন



পয়েন্ট কীভাবে হিসাব হয়



সব নামাজের সময়



নামাজের সময় ঠিক রাখুন



জামাতের সময়



কাজা ম্যানেজার



অনেক পুরনো কাজা (লাইফটাইম)

এক নজরে

সব পাতা একসাথে (২/৪)


মাসের কাজার হিসাব


মনে রাখার ৪টি নিয়ম


আমলের পাতা এক নজরে


সময় ধরে দেখুন, টিক দিন


নতুন আমল যোগ করুন


প্রিসেট: তৈরি আমলের সেট


আমল বদলানো আর সরানো


রিমাইন্ডার আর রুটিনের সময়


ক্যাটাগরি


জিকিরের পাতা এক নজরে


কাউন্টারে গুনুন


সময় ধরে জিকির


নতুন জিকির, আলাদা লক্ষ্য


জিকিরের তালিকা আর প্রিসেট


পড়ার পাতা এক নজরে


আজকের পড়া লিখুন


নতুন পড়া যোগ করুন


পড়া বদলানো, সময়ের লক্ষ্য


দোয়ার বই


খুঁজে বের করুন

এক নজরে

সব পাতা একসাথে (৩/৪)



দোয়া পড়ুন



দোয়া রুটিনে যোগ করুন



রুটিনের পাতা এক নজরে



এক সময়ের সব কাজ



জিকির আর দোয়া একটানা



অভ্যাস, কাজ আর রিমাইন্ডার



লক্ষ্যের পাতা



একটা লক্ষ্য খোলা



নতুন লক্ষ্য বানান



নতুন কাজ



সাপ্তাহিক হিসাব



বাকি কাজ আর পরের সপ্তাহ



ফোকাস টাইমার



ফোকাসের হিসাব



সময় ট্যাব



ফোনে কত সময় যায়



চারটি লক এক জায়গায়



সালাত লক



কোন অ্যাপ লক হবে



ফোকাস, ঘুম আর দৈনিক সীমা

এক নজরে

সব পাতা একসাথে (৪/৪)



রিমাইন্ডার হাব



নতুন রিমাইন্ডার



আরও কিছু সেটিং



জামাতের আগে আর অ্যালার্ম



দরুদ আর ইস্তিগফার



রিমাইন্ডার যেন ঠিকমতো বাজে



দৈনিক মুহাসাবা



আত্মসংশোধন



আজকের পরিসংখ্যান



সপ্তাহের হিসাব



নামাজের সাপ্তাহিক হিসাব



মাসের হিসাব



হোম স্ক্রিনের উইজেট



উইজেট যোগ করুন



সেটিংস



লেখা, ভাষা আর রং



ফোন আর সাহায্য



বিশ্বস্ত বৃত্ত: বন্ধুর সাথে শেয়ার



প্রায়ই যা জানতে চান



আরও কিছু প্রশ্ন

অধ্যায় ১

শুরু করা

১. প্রথমবার অ্যাপ খুললে ৮

২. ভাই না বোন, আর অ্যাপের রং ৯

৩. নামাজের সময়ের জন্য লোকেশন ১০

৪. রিমাইন্ডার চালু করুন ১১

৫. কীভাবে শুরু করবেন ১২

৬. আজকের পাতা (হোম) ১৩

৭. দ্রুত প্রবেশ আর নিচের মেনু ১৪

যে বিষয়টা দরকার, তার নামে চাপুন। প্রতিটি পাতার নিচে বাঁ কোণে চাপলে এখানে ফিরে আসবেন।

অধ্যায় ১ · শুরু করা

প্রথমবার অ্যাপ খুললে



১ **“শুরু করুন”** চাপুন। কয়েকটা ছোট ধাপে অ্যাপ সাজানো হবে, এক মিনিটের কাজ।

২ আগে থেকে অ্যাকাউন্ট থাকলে **“সাইন ইন”** চাপুন, আগের সব হিসাব ফিরে আসবে।

৩ **“বাংলা”** বাছলে পুরো অ্যাপ বাংলায় চলবে।

৪ **“ইংরেজি”** বাছলে ইংরেজিতে। পরে সেটিংস থেকে বদলানো যায়।

✓ অ্যাকাউন্ট লাগবেই?

না। অ্যাকাউন্ট ছাড়াই পুরো অ্যাপ চলে, সব হিসাব ফোনেই থাকে। ফোন বদলালে হিসাব সাথে নিতে চাইলে পরে সাইন ইন করে নেবেন।

ভাই না বোন, আর অ্যাপের রং



১ **"ভাই"**: জামাতে পড়লে পুরো পয়েন্ট, একা পড়লে অর্ধেক।

২ **"বোন"**: আউয়াল ওয়াক্তে পড়লে পুরো পয়েন্ট। জামাত আর জুমু'আর বোতাম থাকে না, "ছাড়" থাকে।

৩ পছন্দের রং বাছুন। চাপলেই পুরো অ্যাপ সেই রঙে দেখায়।

৪ **"পরবর্তী"** চাপুন।

পরে বদলাতে চাইলে

ভাই/বোন: সেটিংস → প্রোফাইল। রং: সেটিংস → অ্যাপের রং ও ভাষা।

নামাজের সময়ের জন্য লোকেশন



১ **“GPS এর মাধ্যমে (অটোমেটিক)”**: ফোন নিজেই আপনার শহর খুঁজে নেবে। ফোন অনুমতি চাইলে **“While using the app”** চাপুন।

২ **“ম্যানুয়ালি সিলেক্ট করুন”**: বিভাগ, জেলা আর উপজেলা নিজে বেছে নিন।

৩ **“লোকেশন এড়িয়ে যান”**: পরে করবেন। তখন নামাজের সময় দেখাবে না।

৪ সবুজ লেখা এলে লোকেশন ঠিক হয়েছে।

✓ লোকেশন দিয়ে কী হয়?

শুধু নামাজের সময় হিসাব করতে লাগে। আপনার লোকেশন কোথাও পাঠানো হয় না।

রিমাইন্ডার চালু করুন



১ রিমাইন্ডার ঐচ্ছিক। না দিলেও অ্যাপ পুরোপুরি চলে।

২ **“রিমাইন্ডার চালু করুন”**: ফোন অনুমতি চাইবে, **“Allow”** চাপুন। নামাজের সময় হলে মনে করিয়ে দেবে।

৩ **“এখন নয়”**: পরে সেটিংস থেকে চালু করা যায়।

আমাদের পরামর্শ

চালু রাখুন। ওয়াক্ত শুরু হলে, আর শেষ হওয়ার আগে একবার মনে করিয়ে দেয়।

কীভাবে শুরু করবেন



১ **“নিয়মিত আমল”**: ১৮টি আমল নিজে থেকে যোগ হয়, প্রতিটি তার সময়ে।

২ **“নিজে সাজাব”**: খালি অ্যাপ, নিজের মতো আমল যোগ করবেন।

৩ **“আপনার দিনটা এমন হবে”**: কোন আমল কোন সময়ে আসবে, তার তালিকা।

৪ **“সাধারণত কখন ঘুমান?”**: "ঘুমানোর আগে"র আমল এর ৩০ মিনিট আগে আসবে।

৫ এতক্ষণ যা বেছেছেন, এক নজরে।

৬ **“আমল ট্র্যাকার ব্যবহার শুরু করুন”** চাপুন।

অধ্যায় ১ · আজ

আজকের পাতা (হোম)



১. সালাম, আজকের বাংলা, ইংরেজি আর হিজরি তারিখ।

২. **এখনকার ওয়াক্ত**: কোন নামাজের সময় চলছে, পরের নামাজ কতক্ষণ পর।

৩. **নিষিদ্ধ সময়**: সূর্যোদয়, ঠিক দুপুর আর সূর্যাস্ত।

৪. পাঁচ ওয়াক্তের গোল: পড়া হলে ভরে যায়।

৫. **“পরবর্তী সেরা পদক্ষেপ”**: এখন কী করা ভালো, অ্যাপ নিজে বলে দেয়। বোতাম চাপলে সেই পাতা খোলে।

৬. **আজকের অগ্রগতি**: নামাজ, আমল আর জিকির মিলিয়ে আজ কতটা হলো।

অধ্যায় ১ · আজ

দ্রুত প্রবেশ আর নিচের মেনু



১ **“দোয়া”**: দোয়ার বই।

২ **“প্রতিফলন”**: দিনের মুহাসাবা।

৩ **“পরিসংখ্যান”**: দিন, সপ্তাহ, মাসের হিসাব।

৪ **“রিমাইন্ডার”**: সব রিমাইন্ডার এক জায়গায়।

৫ **“রুটিন”**: সারাদিনের আমল সময় ধরে সাজানো।

৬ নিচের মেনু: **“আজ”**, **“নামাজ”**, **“আমল”**, **“জিকির”** আর **“আরও”**। বাকি সব পাতা **“আরও”**-তে।

অধ্যায় ২

নামাজ

১. নামাজের পাতা এক নজরে ১৬

২. অগ্রগতি আর চেকলিস্ট ১৭

৩. নামাজে চিহ্ন দিন ১৮

৪. কোন বোতাম কখন চাপবেন ১৯

৫. ভাই আর বোনের জন্য আলাদা ২০

৬. জামাতকে দুই ভাগে গুনুন ২১

৭. তাকবীরে উলার ৪০ দিন ২২

৮. পয়েন্ট কীভাবে হিসাব হয় ২৩

৯. সব নামাজের সময় ২৪

১০. নামাজের সময় ঠিক রাখুন ২৫

১১. জামাতের সময় ২৬

১২. কাজা ম্যানেজার ২৭

১৩. অনেক পুরনো কাজা (লাইফটাইম) ২৮

১৪. মাসের কাজার হিসাব ২৯

১৫. মনে রাখার ৪টি নিয়ম ৩০

যে বিষয়টা দরকার, তার নামে চাপুন। প্রতিটি পাতার নিচে বাঁ কোণে চাপলে এখানে ফিরে আসবেন।

নামাজের পাতা এক নজরে



১ **তারিখের সারি**: আজ আর আগের ৬ দিন। আগের দিনে চাপলে সেদিনের নামাজ দেখা যায়।

২ ⚙ চাকা: নামাজের সময়ের সেটিংস।

৩ **চলমান ওয়াক্ত**: এখন কোন নামাজের সময়, কখন শেষ।

৪ **“সব নামাজের সময় দেখুন”**: আজকের সব ওয়াক্ত, নফল আর নিষিদ্ধ সময়।

✓ কোথায় পাবেন

নিচের মেনুতে **“নামাজ”** চাপুন।

অগ্রগতি আর চেকলিস্ট



১ **আজকের অগ্রগতি**: পাঁচ ওয়াক্তের কত শতাংশ হলো।

২ ⓘ চাপলে দেখায় পয়েন্ট কীভাবে হিসাব হয়।

৩ আজকের **কাজা**, **মিসড** আর **জামাত**-এর সংখ্যা।

৪ **“কাজা ম্যানেজার”**: ছুটে যাওয়া নামাজের হিসাব।

৫ **নামাজ চেকলিস্ট**: পাঁচ ওয়াক্তের কার্ড। এখানেই চিহ্ন দেবেন।

নামাজে চিহ্ন দিন





১. ওয়াক্তের নামে চাপুন, কার্ড খুলে যাবে।

২. **ফরজ**: যেভাবে পড়েছেন সেই বোতাম: **“জামাত”**, **“আউয়াল”** বা **“দেরি”**। পরে আদায় করলে **“কাজা”**, না পড়লে **“মিসড”**।

৩. **আগের সুন্নাহ**: **“পড়া হয়েছে”** বা **“মিসড”**।

৪. **পরের সুন্নাহ**: একইভাবে।

৫. ইশার সাথে **বিতর**-ও এখানে। পুরো ওয়াক্ত হলে কার্ডের গোলে সবুজ টিক আসে।

> **ভুল চাপলে?**
> ঠিক বোতামটা আবার চাপুন, আগেরটা বদলে যাবে। একদম মুছতে চাইলে **“বাকি”** চাপুন।

কোন বোতাম কখন চাপবেন

জামাত
মসজিদে বা ঘরে জামাতের সাথে পড়েছেন। (ভাইদের জন্য)

আউয়াল
ওয়াক্তের শুরুর দিকে পড়েছেন। ভাই একা পড়লে, আর বোন সময়মতো পড়লে এটাই চাপবেন।

দেরি
ওয়াক্ত শেষ হওয়ার আগেই পড়েছেন, তবে দেরিতে।

কাজা
ওয়াক্ত চলে যাওয়ার পর আদায় করেছেন।

মিসড
পড়া হয়নি। এটা কাজার হিসাবে জমা হয়, পরে আদায় করে নেবেন।

বাকি
এখনো চিহ্ন দেননি। ভুল চিহ্ন মুছতেও এটা চাপুন।

✓ সত্যি যা হয়েছে, তাই চাপুন

এই হিসাব আপনার নিজের উন্নতির জন্য। আপনি না চাইলে কেউ এটা দেখে না।

ভাই আর বোনের জন্য আলাদা





১ **"ভাই"** বা **"বোন"** বাছুন। বোন বাছলে জামাত আর জুমু'আর বোতাম থাকে না, আউয়াল ওয়াক্তে পড়লে পুরো পয়েন্ট।

২ **"নামাজে ছাড়ের দিন চলছে"**: চালু করলে নামাজ ছাড় হিসেবে গোনা হয়, রিমাইন্ডার বাজে না। ১০ দিন পরে নিজে বন্ধ হয়।

৩ **"পুরো দিন ছাড়"**: এক চাপে আজকের পড়া হয়নি এমন সব ফরজ ছাড়।

৪ একটা ওয়াক্তে আলাদা করে **"ছাড়"** বোতাম।

✓ কোথায় পাবেন

আরও → সেটিংস → উপরে **"প্রোফাইল"** (সাইন ইন থাকলে নিজের নাম) → **"নামাজের হিসাব (ভাই / বোন)"**।

জামাতকে দুই ভাগে গুনুন



১ প্রোফাইলে **"জামাতকে তাকবীরে উলা ও মাসবুকে ভাগ করুন"** চালু করুন। (শুধু ভাইদের জন্য)

২ তখন **"জামাত"**-এর জায়গায় দুটো বোতাম: **"তাকবীরে উলা"** (কোনো রাকাত ছোটেনি) আর **"মাসবুক"** (অন্তত এক রাকাত ছুটেছে)।

৩ বোতামের নিচে দুটোর মানে লেখা থাকে।

প্রথম তাকবীর ধরতে পারেননি?

কোনো রাকাত না ছুটলে **"তাকবীরে উলা"**-ই চাপুন। চালু না করলে শুধু একটা **"জামাত"** বোতাম থাকে।

তাকবীরে উলার ৪০ দিন



১. **৪০ দিনের হিসাব**: টানা কয় দিন পাঁচ ওয়াক্তই তাকবীরে উলা সহ হলো।

২. আজ কয় ওয়াক্ত হলো। একদিন একটা ওয়াক্তও বাদ পড়লে আবার শুরু।

৩. হাদিস: যে চল্লিশ দিন জামাতে তাকবীরে উলা সহ নামাজ পড়ে, তার জন্য দুটি মুক্তি লেখা হয়। (তিরমিযী ২৪১)

✓ কখন দেখা যায়

জামাত ভাগ চালু থাকলে নামাজের পাতায় চেকলিস্টের উপরে এই কার্ড আসে।

পয়েন্ট কীভাবে হিসাব হয়

প্রতিটি ফরজ নামাজে সর্বোচ্চ **১ পয়েন্ট** (দিনের ২০%)। পাঁচ ওয়াক্ত মিলে ১০০%।

ভাইদের জন্য

জামাত বা তাকবীরে উলা	১.০
মাসবুক জামাত ভাগ চালু থাকলে	০.৮
আউয়াল (একা)	০.৫
দেরি (ওয়াক্তের ভেতরে)	০.৫
কাজা	০.৩
মিসড	০

বোনদের জন্য

আউয়াল ওয়াক্তে	১.০
দেরি · কাজা · মিসড	০.৫ · ০.৩ · ০

✓ ছাড় দিলে পয়েন্ট কমে না

ছাড়ের নামাজ হিসাবেই ধরা হয় না। শতাংশ কমে না, ধারাবাহিকতাও ভাঙে না।

অ্যাপেই দেখতে চান?

"নামাজের অগ্রগতি"র পাশের ⓘ চাপলে **"স্কোরিং পদ্ধতি"** খোলে।

অধ্যায় ২ · নামাজ

সব নামাজের সময়



১ **ফরজ**: পাঁচ ওয়াক্ত, শুরু থেকে শেষ পর্যন্ত।

২ এখন যে ওয়াক্ত চলছে, তার পাশে **“চলমান ওয়াক্ত”**।

৩ **নফল নামাজ**: তাহাজ্জুদ, ইশরাক আর চাশত/দুহার সময়।

৪ **নিষিদ্ধ সময়**: সূর্যোদয়, ঠিক দুপুর আর সূর্যাস্ত। তখন নামাজ পড়া নিষেধ।

কোথায় পাবেন

নামাজের পাতায় **“সব নামাজের সময় দেখুন”**।

নামাজের সময় ঠিক রাখুন



১. **“হিসাবের নিয়ম”**: বাংলাদেশের জন্য করাচি আগে থেকেই দেওয়া।

২. **“আসরের নিয়ম”**: হানাফী আগে থেকেই দেওয়া। নিশ্চিত না হলে এই দুটো বদলাবেন না।

৩. **“বাংলাদেশ (ইসলামিক ফাউন্ডেশন)”**: ইসলামিক ফাউন্ডেশনের সময়সূচির সাথে মেলে।

৪. মসজিদের সাথে মেলাতে ওয়াক্ত ধরে ⊖ বা ⊕ চেপে মিনিট কমান-বাড়ান।

✓ কোথায় পাবেন

নামাজের সময় কার্ডের ⚙। লোকেশন বদলাতে: সেটিংস → **“নামাজ ও লোকেশন”**।

জামাতের সময়





১. মসজিদের জামাতের সময় দিলে নামাজের মূল রিমাইন্ডার জামাতের আগে বাজে।

২. যে নামাজের সময় দেবেন, তাতে চাপুন।

৩. **“জামাতের নিয়মিত সময়”**: প্রতিদিনের সময়। মুছতে **“সময় মুছুন”**।

৪. **“আজকের পরিবর্তন”**: শুধু আজ জামাত অন্য সময়ে হলে।

৫. রিমাইন্ডার জামাতের কত মিনিট আগে বাজবে।

✓ কোথায় পাবেন

আরও → সেটিংস → **“জামাতের সময়”**।

কাজা ম্যানেজার



১ দুই ভাগ: **“রিসেন্ট কাজা”** (এই মাসের) আর **“লাইফটাইম কাজা”** (অনেক পুরনো)।

২ এই মাসে কয় ওয়াক্ত মিস হলো, কয়টা আদায় হলো। › চাপলে মাসের পুরো হিসাব।

৩ ক্যালেন্ডারে দিনে চাপুন। লাল ফোঁটা = মিসড, সবুজ = সম্পন্ন।

৪ কাজা পড়ে নিলে সেই নামাজের পাশে **“আদায়”** চাপুন।

৫ মাস শেষ হলে বাকি কাজা নিজে থেকেই লাইফটাইম কাজায় চলে যায়।

অনেক পুরনো কাজা (লাইফটাইম)



১. **লাইফটাইম কাজা**: অনেক পুরনো কাজার হিসাব। সংখ্যা দিতে ✎ পেন্সিলে চাপুন।

২. **“আগের হিসাব সংশোধন”**: প্রতিটি ওয়াক্তের সংখ্যা লিখে **“সেভ”** চাপুন। আন্দাজে লিখলেও চলবে।

৩. একটা কাজা পড়লে সেই ওয়াক্তের **“১টি আদায় করুন”** চাপুন। সংখ্যা এক কমে যাবে।

৪. মোট কত বাকি, আর এই মাসে কতটা আদায় হলো।

একটু একটু করে

প্রতিদিন ফরজের সাথে এক ওয়াক্ত কাজা পড়লেও বছরে ৩৬৫ ওয়াক্ত আদায় হয়।

মাসের কাজার হিসাব



১. এই মাসে কয় ওয়াক্ত মিস হলো, কয়টা আদায় হলো, কয়টা বাকি, আর পুরনো কাজা থেকে কয়টা শোধ হলো।

২. ভালো করলে উৎসাহের একটা কথা।

৩. **নামাজ অনুযায়ী বিবরণ**: কোন ওয়াক্তে বেশি ছুটছে, এক নজরে।

৪. **ইনসাইটস**: মাসের মোট আদায়, নতুন আর পুরনো কাজা মিলিয়ে।

> ✓ **কোথায় পাবেন**
>
> কাজা ম্যানেজারে **“রিসেন্ট মিসড”** কার্ডের ডান পাশের › চাপুন।

মনে রাখার ৪টি নিয়ম

৭ দিন পর্যন্ত বদলানো যায়

আজ আর আগের ৬ দিনের চিহ্ন বদলানো যায়। তার আগের দিন শুধু দেখা যায়।

ওয়াক্ত শেষ হলে "মিসড"

চিহ্ন না দিলে ওয়াক্ত শেষে নামাজটা মিসড ধরা হয়। ইশা আর বিতর ফজর পর্যন্ত থাকে।

অ্যাপ না খুললেও হিসাব থাকে

যেদিন অ্যাপ খোলেননি, সেদিনের নামাজও মিসড ধরে কাজার হিসাবে যোগ হয়।

নিষিদ্ধ সময়

সূর্যোদয়, ঠিক দুপুর আর সূর্যাস্তের সময়টুকু অ্যাপে আলাদা করে দেখায়।

অ্যাপ না খুলেই চিহ্ন

হোম স্ক্রিনের নামাজের উইজেট থেকেও চিহ্ন দেওয়া যায়। উইজেট অধ্যায়ে দেখুন।

অধ্যায় ৩

আমল

১. আমলের পাতা এক নজরে ৩২

২. সময় ধরে দেখুন, টিক দিন ৩৩

৩. নতুন আমল যোগ করুন ৩৪

৪. প্রিসেট: তৈরি আমলের সেট ৩৫

৫. আমল বদলানো আর সরানো ৩৬

৬. রিমাইন্ডার আর রুটিনের সময় ৩৭

৭. ক্যাটাগরি ৩৮

যে বিষয়টা দরকার, তার নামে চাপুন। প্রতিটি পাতার নিচে বাঁ কোণে চাপলে এখানে ফিরে আসবেন।

আমলের পাতা এক নজরে



১ **তারিখের সারি**: আজ আর আগের ৬ দিন।

২ **সূর্যের পথ**: প্রতিটি নামাজের সময় একটা গোল। ভেতরের সংখ্যা = ওই সময়ের কয়টা আমল হলো। দাগ দেওয়া গোলটা এখনকার সময়।

৩ **"সব আমল"**: সব আমল এক তালিকায়।

৪ **"যেকোনো সময়"**: যেসব আমলের নির্দিষ্ট সময় নেই।

৫ হলুদ + বোতাম: নতুন আমল।

৬ তালিকায় উপরের চিপ দিয়ে ক্যাটাগরি বাছুন।

সময় ধরে দেখুন, টিক দিন



১. সূর্যের পথে একটা নামাজে চাপুন: শুধু সেই সময়ের আমল দেখাবে।

২. এক নামাজে একাধিক সময় থাকলে ছোট চিপ আসে, যেমন "এশার পর" আর "ঘুমানোর আগে"।

৩. প্রতিটি সময় আলাদা বাক্সে। ^ চাপলে বন্ধ বা খোলে।

৪. বাম পাশের গোলে বা কার্ডে চাপুন: আমল হয়ে গেল, টিক আসবে।

৫. কার্ড হালকা হয়ে **“সম্পন্ন”** লেখা আসে। আবার চাপলে বাতিল।

৬. › চাপলে আমলের মেনু।

নতুন আমল যোগ করুন





১ হলুদ + চাপুন, তারপর **“কাস্টম আমল তৈরি করুন”**: নিজের মতো আমল লিখুন।

২ **“প্রিসেট থেকে যোগ করুন”**: তৈরি তালিকা থেকে বেছে নিন (পরের পাতা)।

৩ আমলের নাম লিখুন।

৪ **ক্যাটাগরি** বাছুন, যেমন দোয়া, কুরআন, দান।

৫ **“রুটিনে যোগ করুন”**: কখন করবেন। একাধিক সময় বাছা যায়। **“যেকোনো সময়”** মানে নির্দিষ্ট সময় নেই।

৬ **“সেভ”** চাপুন।

প্রিসেট: তৈরি আমলের সেট



১ প্রিসেট মানে কয়েকটা আমলের তৈরি সেট: মিসওয়াক, আয়াতুল কুরসি, কুরআন, দিন-রাতের সুন্নাহ আমল... একটায় চাপুন।

২ যেগুলো চান টিক দিন। আগে থেকে যোগ করা থাকলে ধূসর থাকে, লেখা থাকে "ইতিমধ্যে যোগ করা হয়েছে"।

৩ নিচের বোতামে চাপুন। সব আগে থেকে থাকলে বোতাম বন্ধ থাকে।

> **নতুন শুরু করছেন?**
> প্রিসেট দিয়ে শুরু করুন, পরে প্রতিটা আমল নিজের মতো বদলে নিন।

আমল বদলানো আর সরানো



কার্ডের ডান পাশের › চাপলে মেনু খোলে। কার্ডে চেপে ধরলেও সম্পাদনা খোলে।

১ মেনুতে চারটি কাজ: **“সম্পাদনা”** (নাম, ক্যাটাগরি, সময়), **“রিমাইন্ডার”**, **“রুটিনে যোগ করুন”** আর **“রিমুভ”** (তালিকা থেকে সরানো)।

২ সম্পাদনায় হলুদ চিপগুলো বাছা সময়। চাপলে যোগ হয় বা বাদ যায়।

রিমাইন্ডার আর রুটিনের সময়



১. কিসের সাথে বাজবে: **“নামাজ”** (নামাজের সময় ধরে), **“দৈনিক রিমাইন্ডার”** বা **“সাপ্তাহিক রিমাইন্ডার”**।

২. কোন নামাজের সাথে।

৩. নামাজের কত মিনিট পরে (বা আগে)।

৪. কখন বাজবে, এখানেই দেখায়। তারপর নিচের বোতাম চাপুন।

৫. **“রুটিনে যোগ করুন”**: একাধিক সময়ে টিক দেওয়া যায়, তারপর **“সেভ”**।

✓ রিমাইন্ডারের বাকি কথা

শব্দ, পুরো স্ক্রিন, অ্যালার্ম: রিমাইন্ডার অধ্যায়ে।

ক্যাটাগরি



১ **“সব আমল”** তালিকায় উপরের চিপে চাপলে শুধু সেই ক্যাটাগরির আমল।

২ প্রতিটি আমলের নিচে তার ক্যাটাগরি লেখা থাকে।

৩ **“নতুন ক্যাটাগরি”**: নিজের ক্যাটাগরি বানান।

৪ ⋮ চাপলে **“সম্পাদনা”** বা **“রিমুভ”**।

> ✓ **কোথায় পাবেন**
>
> আমল যোগ বা সম্পাদনার পাতায় **“ক্যাটাগরি পরিচালনা”**।

অধ্যায় ৪

জিকির

৪

১. জিকিরের পাতা এক নজরে ৪০

২. কাউন্টারে গুনুন ৪১

৩. সময় ধরে জিকির ৪২

৪. নতুন জিকির, আলাদা লক্ষ্য ৪৩

৫. জিকিরের তালিকা আর প্রিসেট ৪৪

যে বিষয়টা দরকার, তার নামে চাপুন। প্রতিটি পাতার নিচে বাঁ কোণে চাপলে এখানে ফিরে আসবেন।

জিকিরের পাতা এক নজরে



১ **তারিখের সারি**: আজ আর আগের ৬ দিন।

২ **সূর্যের পথ**: প্রতিটি সময়ের কয়টা জিকির পূর্ণ। নামাজে চাপলে সেই সময়ের জিকির।

৩ **“সব জিকির”** আর **“যেকোনো সময়”**, আমলের পাতার মতোই।

৪ **আজকের মোট জিকির**: আজ সব মিলিয়ে কতবার পড়লেন, লক্ষ্য কত।

৫ গোলে শতাংশ: আজকের লক্ষ্যের কতটা হলো।

৬ কার্ডের সারি: ডানে-বামে সরিয়ে যে জিকির পড়বেন তাতে চাপুন। নিচে কাউন্টার খুলবে।

কাউন্টারে গুনুন





১. কোন জিকির গুনছেন, উপরে হলুদ কার্ডে দেখায়।

২. বড় গোলে চাপুন: প্রতি চাপে এক বাড়ে। লক্ষ্য পূর্ণ হলে গোল সবুজ হয়।

৩. একবারে অনেক পড়লে সংখ্যা লিখে ✓ চাপুন, যেমন **“৩৩”**।

৪. **“রিসেট”**: গোনা ০ হয়ে যায়।

৫. ভুলে রিসেট চাপলে নিচের **“ফিরিয়ে নিন”** চাপুন, আগের সংখ্যা ফিরে আসবে।

চোখ না দিয়েই গুনুন

গোলের যেকোনো জায়গায় চাপলেই হয়। নিচে লেখা থাকে আজ মোট কতবার হলো।

সময় ধরে জিকির



১. সূর্যের পথে নামাজ বাছুন: শুধু সেই সময়ের জিকির দেখাবে।

২. সময়ের নাম, পাশে কয়টা জিকির পূর্ণ।

৩. **“এই সময়ে”**: এই সময়ে কতবার হলো, লক্ষ্য কত (যেমন ৩৩)।

৪. **“অগ্রগতি”**: সারাদিনের মোট (যেমন ৫ সময় × ৩৩ = ১৬৫)। পাশের + চাপলে এক বাড়ে, এই সময়ের হিসাবে।

✓ কাউন্টারও সময় ধরে গোনে

নামাজ বাছা থাকলে বড় কাউন্টারে লেখা থাকে "৩৩ এর মধ্যে", মানে এই সময়ের লক্ষ্য। নিচে "আজ মোট" লেখায় সারাদিনের হিসাব।

নতুন জিকির, আলাদা লক্ষ্য





১ জিকিরের নাম।

২ **“প্রতিবার কতবার”**: প্রতিটি সময়ে কতবার পড়বেন। নিচে লেখা থাকে দিনে মোট কতবার।

৩ **“রুটিনে যোগ করুন”**: কোন কোন সময়ে পড়বেন।

৪ **“কোনো সময়ে আলাদা সংখ্যা”**: কোনো সময়ে অন্য সংখ্যা চাইলে লিখুন, যেমন ফজরের পর ১০০। খালি রাখলে উপরের সংখ্যাই।

৫ **“সেভ”** চাপুন।

✓ কোথায় পাবেন

নতুন: হলুদ + → **“কাস্টম জিকির তৈরি করুন”**। আগেরটা বদলাতে: কার্ডের ⋮ → **“সম্পাদনা”**।

জিকিরের তালিকা আর প্রিসেট





১. আরবি লেখার পাশে Q: চাপলে আরবি বড় করে দেখায়।

২. কোন কোন সময়ে পড়বেন।

৩. সারাদিনের অগ্রগতি।

৪. + চাপলে এক বাড়ে, কাউন্টার খুলতে হয় না।

৫. ⋮ চাপলে: **“সম্পাদনা”**, **“রিমাইন্ডার”**, **“রুটিনে যোগ করুন”**, **“রিমুভ”**।

৬. **প্রিসেট**: সকাল-সন্ধ্যার জিকিরের মতো তৈরি সেট। হলুদ + → **“প্রিসেট থেকে যোগ করুন”**।

অধ্যায় ৫

পড়া

১. পড়ার পাতা এক নজরে ৪৬
২. আজকের পড়া লিখুন ৪৭
৩. নতুন পড়া যোগ করুন ৪৮
৪. পড়া বদলানো, সময়ের লক্ষ্য ৪৯

যে বিষয়টা দরকার, তার নামে চাপুন। প্রতিটি পাতার নিচে বাঁ কোণে চাপলে এখানে ফিরে আসবেন।

পড়ার পাতা এক নজরে



১. **তারিখের সারি**: আজ আর আগের ৬ দিন।

২. **সূর্যের পথ**: কোন সময়ে কতটা পড়া হলো।

৩. **“সব পড়া”** আর **“যেকোনো সময়”**।

৪. **দৈনিক পাঠের ফোকাস**: আজ কুরআন, হাদিস আর তাফসির কতটা হলো।

৫. **“পরবর্তী পড়া”**: চাপলে যেটা বাকি, সেটা লেখার পাতা খোলে।

৬. **“আপডেট”**: আজ কতটা পড়লেন লিখুন (পরের পাতা)।

আজকের পড়া লিখুন



১. **“সম্পন্ন”**: আজ কতটা পড়লেন।

২. **“টার্গেট”**: আজ কতটা পড়ার লক্ষ্য।

৩. **“ইউনিট”**: মিনিট, পৃষ্ঠা, আয়াত, হাদিস...

৪. **“পড়ার ধরন”**: কুরআন, হাদিস, তাফসির...

৫. বইয়ের নাম, কোথা থেকে কোথা পর্যন্ত, সময়, নোট: সব ঐচ্ছিক।

৬. **“সেভ”** চাপুন।

নতুন পড়া যোগ করুন





১. হলুদ + চাপুন, তারপর **“কাস্টম পড়া তৈরি করুন”**।

২. **“প্রিসেট থেকে যোগ করুন”**: যেমন বেসিক রিডিং রুটিন বা কুরআন স্টার্টার।

৩. পড়ার নাম, যেমন "সীরাত বই"।

৪. **“টার্গেট”**: প্রতিদিন কতটা।

৫. **“ইউনিট”**: পৃষ্ঠা, মিনিট...

৬. **“রুটিনে যোগ করুন”**: কখন পড়বেন।

৭. **“আরও তথ্য যোগ করুন”**: ধরন, বইয়ের নাম, শুরু, নোট।

পড়া বদলানো, সময়ের লক্ষ্য



১ কার্ডের ⋮ → **“সম্পাদনা”**। নাম, টার্গেট আর ইউনিট বদলান।

২ বাছা সময়ে টিক থাকে। চাপলে যোগ হয় বা বাদ যায়।

৩ **“সেশন টার্গেট”**: কোনো সময়ে আলাদা লক্ষ্য চাইলে লিখুন। ঐচ্ছিক।

অল্প দিয়ে শুরু করুন

প্রতিদিন ১০ মিনিট বা ১ পৃষ্ঠা দিয়ে শুরু করলে ধরে রাখা সহজ। পরে লক্ষ্য বাড়ান।

অধ্যায় ৬

দোয়া

১. দোয়ার বই ৫১

২. খুঁজে বের করুন ৫২

৩. দোয়া পড়ুন ৫৩

৪. দোয়া রুটিনে যোগ করুন ৫৪

যে বিষয়টা দরকার, তার নামে চাপুন। প্রতিটি পাতার নিচে বাঁ কোণে চাপলে এখানে ফিরে আসবেন।

দোয়ার বই





১. **খুঁজুন**: বিপদ, শিফা, ঋণ... যা দরকার লিখুন।

২. বিষয়ের চিপ: এক চাপে সেই বিষয়ের দোয়া।

৩. **বইগুলো**: সংরক্ষিত দোয়া, কুরআনিক দোয়া, কুরআনে বর্ণিত মেসেজ, রেগুলার মাসনূন দোয়া... একটায় চাপুন।

৪. বইয়ের ভেতরে খোঁজার জায়গা।

৫. কীভাবে খুঁজবেন: **“স্মার্ট”**, **“বিষয় ও অর্থ”**, **“আরবি”**, **“উচ্চারণ”** বা **“রেফারেন্স”**।

৬. **ফিল্টার**: সূরা, আয়াত আর ক্যাটাগরি ধরে বাছাই।

✓ কোথায় পাবেন

আজ পাতার **“দ্রুত প্রবেশ”** → **“দোয়া”**, অথবা আরও → দোয়া।

খুঁজে বের করুন





১. সূরা বাছুন (দরকার হলে আয়াতও)।

২. কয়টা দোয়া মিলল, এখানে লেখা থাকে।

৩. **সূচিপত্র**: সূরা ধরে দোয়ার তালিকা। দোয়ায় চাপলে খোলে।

৪. একটা শব্দ লিখে খুঁজুন, যেমন "শান্তি"।

৫. মিলে যাওয়া শব্দ হলুদ রঙে দেখায়।

দোয়া পড়ুন



১. ♡ চাপলে দোয়া সংরক্ষিত হয়, ঘণ্টা চাপলে রিমাইন্ডার।

২. আরবি লেখা।

৩. লেখার আকার – / +, চোখ চাপলে সহজ পড়ার মোড, ডানে ফন্ট বদলান।

৪. **অর্থ**: বাংলায় মানে।

৫. **সোর্স**: কোন সূরা বা হাদিস থেকে।

৬. **“দোয়া সেভ করুন”** আর **“রিমাইন্ডার”**।

৭. **“রুটিনে যোগ করুন”**: দোয়াটা আপনার দিনের কোনো সময়ে বসিয়ে দিন (পরের পাতা)।

দোয়া রুটিনে যোগ করুন



১ **“কোনোটি নয়”**: দোয়া কোনো সময়ে বসানো নেই।

২ যে সময়ে পড়বেন, টিক দিন। একাধিক সময় বাছা যায়।

৩ **“সেভ”** চাপুন। দোয়াটা আমলের তালিকা আর রুটিনে সেই সময়ে আসবে।

✓ রুটিনে সব দোয়া একসাথে

রুটিনের পাতায় এক সময়ের সব দোয়া **“সব দোয়া পড়ুন”** চেপে একটার পর একটা পড়া যায়।

অধ্যায় ৭

রুটিন

৭

১. রুটিনের পাতা এক নজরে ৫৬

২. এক সময়ের সব কাজ ৫৭

৩. জিকির আর দোয়া একটানা ৫৮

৪. অভ্যাস, কাজ আর রিমাইন্ডার ৫৯

যে বিষয়টা দরকার, তার নামে চাপুন। প্রতিটি পাতার নিচে বাঁ কোণে চাপলে এখানে ফিরে আসবেন।

রুটিনের পাতা এক নজরে



১ তিনটি ট্যাব: **“আজ”** (আজকের রুটিন), **“লক্ষ্য”** আর **“সময়”**।

২ **“ফোকাস শুরু”**: মনোযোগ দিয়ে কাজের টাইমার (ফোকাস অধ্যায়ে)।

৩ দিন বদলান: আগের দিন দেখা যায়, পরের দিনের রুটিন আগে থেকে সাজানো যায়।

৪ **সময়ের সারি**: তাহাজ্জুদ, ফজরের পর, দুহা… প্রতিটিতে কয়টা কাজ হলো। ডানে-বামে সরান, যেটায় চাপবেন সেটা নিচে খুলবে।

৫ **“নতুন সময়”**: নিজের সময় যোগ করুন (যেমন ক্লাস, অফিস), বা তৈরি টেমপ্লেট বসান।

৬ বাছা সময়: নাম, শুরু-শেষ আর কয়টা কাজ হলো।

এক সময়ের সব কাজ



১ সময়ের নাম, শুরু-শেষ আর অগ্রগতি। ⋮ চাপলে সময় বদলানো, রিমাইন্ডার বা **“ফোকাস লক”**।

২ ছাঁকুন: **“সব”**, **“আমল”**, **“জিকির”**, **“দোয়া”**... পাশে সংখ্যা।

৩ গোলে চাপলে কাজটা হয়ে গেল। জিকিরে +# চেপে গোনা যায়।

৪ জিকির আর দোয়ার পাশে ▶ **“শুরু”** / **“পড়ুন”**: একটার পর একটা করার পাতা খোলে (পরের পাতা)।

৫ **“দোয়া”** ছাঁকলে উপরে বড় বোতাম **“সব দোয়া পড়ুন”**।

৬ **“আইটেম যুক্ত করুন”**: আমল, জিকির, পড়া বা দোয়া এই সময়ে আনুন।

৭ **“আজকের কাজ”**: লক্ষ্যের কাজ (লক্ষ্য অধ্যায়ে)।

জিকির আর দোয়া একটানা



১. কোন সময়ের জিকির, আর কয়টার মধ্যে কোনটা চলছে।

২. যেকোনো জায়গায় চাপুন, গোনা এক বাড়ে। লক্ষ্য পূর্ণ হলে নিজে পরের জিকিরে যায়।

৩. পরে কোন জিকির আসছে। **“পরেরটা”** চাপলে এখনই পরের জিকিরে যান।

৪. **দোয়া পড়ার পাতা**: এক সময়ের সব দোয়া একটার পর একটা।

৫. আরবি, অর্থ: দোয়ার বইয়ের মতোই।

৬. **“পড়েছি”** চাপলে দোয়া হয়ে গেল, পরেরটা আসে।

✓ অর্ধেক করে উঠে গেলে

বোতামে লেখা আসে **“চালিয়ে যান: বাকি ৫টি”**, যেখানে ছিলেন সেখান থেকে শুরু।

অভ্যাস, কাজ আর রিমাইন্ডার



১. **“অভ্যাস”**: দ্বীনি কাজের বাইরে নিজের ভালো অভ্যাস, যেমন ব্যায়াম বা হাঁটা।

২. অভ্যাসও অন্য কাজের মতো গোলে চেপে চিহ্ন দিন।

৩. আগের দিনের বাকি কাজ: **“আজকে আনুন”** চাপলে আজকের তালিকায় আসে।

৪. **“রুটিনের রিমাইন্ডার চালু করবেন?”**: চালু করলে প্রতিটি সময় শুরুর ১০ মিনিট আগে জানাবে, কাজ বাকি থাকলে শেষের আগে আরেকবার।

৫. **“সাধারণত কখন ঘুমান?”**: "ঘুমানোর আগে"র আমল এর ৩০ মিনিট আগে আসবে।

অভ্যাস যোগ করবেন কোথায়

আমলের পাতায় হলুদ + → কাস্টম আমল, ক্যাটাগরি **“অভ্যাস”**।

অধ্যায় ৮

লক্ষ্য আর কাজ

১. লক্ষ্যের পাতা ৬১

২. একটা লক্ষ্য খোলা ৬২

৩. নতুন লক্ষ্য বানান ৬৩

৪. নতুন কাজ ৬৪

৫. সাপ্তাহিক হিসাব ৬৫

৬. বাকি কাজ আর পরের সপ্তাহ ৬৬

যে বিষয়টা দরকার, তার নামে চাপুন। প্রতিটি পাতার নিচে বাঁ কোণে চাপলে এখানে ফিরে আসবেন।

লক্ষ্যের পাতা



১. **“নতুন লক্ষ্য”**: নিজের লক্ষ্য লিখুন।

২. **“তৈরি লক্ষ্য”**: কুরআন খতম, সূরা মুখস্থ, পরীক্ষা... থেকে বেছে নিন।

৩. **“নতুন কাজ”**: লক্ষ্যের একটা ছোট কাজ।

৪. **“সাপ্তাহিক হিসাব”**: সপ্তাহ শেষে ফিরে দেখা।

৫. প্রতিটি লক্ষ্যের কার্ড: কত দিন বাকি, কত ধাপ হলো, পরের কাজ কী। চাপলে খোলে।

> ✓ **কোথায় পাবেন**
>
> রুটিনের পাতায় উপরের **“লক্ষ্য”** ট্যাব।

একটা লক্ষ্য খোলা



১ বিভাগ, শেষ তারিখ, কত দিন বাকি আর অগ্রগতি। ⏱ চাপলে এই লক্ষ্যের জন্য ফোকাস, ✎ চাপলে বদলান।

২ **ধাপ**: বড় লক্ষ্যকে ভাগ করুন। ধাপ শেষ হলে গোলে টিক।

৩ **কাজ**: এই লক্ষ্যের কাজ। ▶ চাপলে ফোকাস টাইমার। **“নতুন কাজ”** দিয়ে যোগ করুন।

৪ পুরো লক্ষ্য শেষ হলে **“পূরণ হয়েছে”**।

অধ্যায় ৮ · লক্ষ্য

নতুন লক্ষ্য বানান





১. লক্ষ্যের নাম লিখুন, যেমন "কুরআন খতম"।

২. **বিভাগ**: ইবাদত, পড়াশোনা, কাজ, স্বাস্থ্য...

৩. **শেষ তারিখ** আর **"ধাপ যোগ করুন"**: কবে শেষ করবেন, আর কোন কোন ধাপে (যেমন ১-১০ পারা)। দুটোই ঐচ্ছিক।

৪. **"সেভ"** চাপুন।

৫. **তৈরি লক্ষ্য**: নাম, ধাপ আর সময় আগে থেকেই সাজানো।

৬. সেভের আগে যা খুশি বদলানো বা বাদ দেওয়া যায়।

নতুন কাজ



১. কী করবেন, লিখুন।

২. **দিন**: আজ, কাল, তারিখ ছাড়া বা নির্দিষ্ট তারিখ।

৩. **রুটিনের সময়**: কোন সময়ে করবেন। দিলে রুটিনে সেই সময়ের নিচে আসবে।

৪. **লক্ষ্য**: কোন লক্ষ্যের কাজ। লক্ষ্য ছাড়াও কাজ রাখা যায়।

৫. **কতক্ষণ লাগবে**: আন্দাজে বাছুন। তারপর নিচে **"সেভ"** চাপুন।

> **কাজ বাকি থেকে গেলে**
> আগের দিনের বাকি কাজ রুটিনে **"আজকে আনুন"** দিয়ে আজকে আনা যায়।

অধ্যায় ৮ · লক্ষ্য

সাপ্তাহিক হিসাব





১. **“শুরু করুন”**: এই সপ্তাহের হিসাব শুরু।

২. **হিসাবের দিন**: সপ্তাহ কোন দিনে শেষ হবে, আগে থেকে শুক্রবার।

৩. সেই দিন মনে করিয়ে দেবে।

৪. চারটি ধাপ: **“হিসাব”**, **“বাকি কাজ”**, **“ফোকাস”**, **“নোট”**।

৫. কতটা কাজ শেষ হলো, কত বাকি, লক্ষ্যে কতটা এগোলেন।

৬. **“পরের ধাপ”** চেপে এগোন। শেষে **“শেষ করুন”**।

অধ্যায় ৮ · লক্ষ্য

বাকি কাজ আর পরের সপ্তাহ





১ সব বাকি কাজ একবারে: **“সব শনি-এ নিন”** বা **“সব যেমন আছে”**।

২ প্রতিটি কাজের জন্য আলাদা: **“সরিয়ে নিন”** (পরের সপ্তাহে), **“তারিখ ছাড়া”**, বা **“বাদ দিন”** (আর করবেন না)।

৩ **ফোকাস**: পরের সপ্তাহে যে লক্ষ্যগুলো আগে রাখবেন, ৩টি পর্যন্ত টিক দিন। শেষ ধাপে "কী ভালো হলো" আর "কী বদলাব" লিখে রাখা যায়।

অধ্যায় ৯

ফোকাস আর সময়ের হিসাব

১. ফোকাস টাইমার ৬৮

২. ফোকাসের হিসাব ৬৯

৩. সময় ট্যাব ৭০

৪. ফোনে কত সময় যায় ৭১

যে বিষয়টা দরকার, তার নামে চাপুন। প্রতিটি পাতার নিচে বাঁ কোণে চাপলে এখানে ফিরে আসবেন।

ফোকাস টাইমার



১. টাইমারের ধরন: পোমোডোরো (২৫ মিনিট কাজ, ৫ মিনিট বিরতি), **“নির্দিষ্ট সময়”**, স্টপওয়াচ বা একটা রুটিনের সময় শেষ হওয়া পর্যন্ত।

২. কত সময় বাকি।

৩. এখন পর্যন্ত কতক্ষণ মন দিয়ে কাজ হলো।

৪. **“থামান”**: একটু বিরতি, পরে **“আবার চালু”**। **“শেষ করুন”**: হিসাবে রাখুন।

৫. অ্যাপ বন্ধ থাকলেও নোটিফিকেশনে টাইমার চলে, ওখান থেকেই থামানো যায়।

✓ কোথা থেকে শুরু

রুটিনের পাতায় **“ফোকাস শুরু”**, লক্ষ্যের ⏱, কাজের ▶ বা রুটিনের সময়ের ⋮ থেকে। এক মিনিটের কম হলে হিসাবে রাখা হয় না।

ফোকাসের হিসাব



১ **“ফোকাস শুরু”**: নতুন টাইমার।

২ **“হাতে সময় যোগ”**: টাইমার ছাড়া পড়লে বা কাজ করলে পরে লিখে রাখুন।

৩ দিন ধরে মোট কতক্ষণ।

৪ প্রতিটি সেশন: কতক্ষণ, কোন ধরন, কোন বিভাগ। 🗑 চাপলে মুছবে।

> **কোথায় পাবেন**
> রুটিনের পাতায় **“ফোকাসের হিসাব”**। গত ৭ দিনের হিসাব এখানে থাকে।

সময় ট্যাব





১ **“ফোকাস শুরু”** আর **“ফোকাসের হিসাব”**।

২ **“দিন”**, **“সপ্তাহ”** বা **“মাস”**।

৩ **ফোকাস**: আজ কতক্ষণ মন দিয়ে কাজ হলো। **ফোকাসের ধারা**: টানা কয় দিন।

৪ **রুটিন ও সময়**: নিজের সময়গুলো কতটা শেষ হলো আর পরিকল্পনার কতটা সময় কাজ হলো।

৫ **“দৈনিক লক্ষ্য”**: প্রতিটি বিভাগে দিনে কতক্ষণ দিতে চান, ঠিক করুন।

৬ **বিভাগ ধরে**: ঘুম, পরিবার, পড়াশোনা, ইবাদত… কতক্ষণ হলো, পরিকল্পনা কত।

ফোনে কত সময় যায়





১ সময় ট্যাবের নিচে "ফোনে সময়"। কোন অ্যাপে কতক্ষণ গেল, দেখতে চাইলে চালু করুন।

২ **“সেটিংসে চালু করুন”**: ফোনের Usage access পাতা খুলবে। Amal Tracker-এ চাপুন, তারপর **“Permit usage access”** চালু করুন।

৩ **সময় নষ্টের অ্যাপ**: আজ এসব অ্যাপে কতক্ষণ গেল।

৪ **ফোন খোলা**: আজ কতবার ফোন খুলেছেন।

৫ অ্যাপ ধরে সময়। পাশের ≡ চাপলে অ্যাপটা কোন দলে (সময় নষ্ট, কাজ, সাধারণ), বদলানো যায়।

> ✓ **এই হিসাব কোথাও যায় না**
> কোন অ্যাপে কত সময় গেল, তা শুধু এই ফোনেই থাকে। কখনো সিঙ্ক বা শেয়ার হয় না।

অধ্যায় ১০

লক: মনোযোগ ধরে রাখুন

১. চারটি লক এক জায়গায় ৭৩
২. সালাত লক ৭৪
৩. কোন অ্যাপ লক হবে ৭৫
৪. ফোকাস, ঘুম আর দৈনিক সীমা ৭৬

যে বিষয়টা দরকার, তার নামে চাপুন। প্রতিটি পাতার নিচে বাঁ কোণে চাপলে এখানে ফিরে আসবেন।

চারটি লক এক জায়গায়



১. **সালাত লক**: নামাজের সময় সময়-নষ্টের অ্যাপ বন্ধ।

২. **ফোকাস লক**: পড়াশোনা বা কাজের সময় মনোযোগ নষ্টের অ্যাপ বন্ধ।

৩. **ঘুমের লক**: রাতে ঠিক করা সময় থেকে ফজর পর্যন্ত।

৪. **দৈনিক সীমা**: কোন অ্যাপ দিনে কতক্ষণ চালাবেন।

৫. **দরকারি অনুমতি**: লক কাজ করতে ফোনের দুটো অনুমতি লাগে। **“দিন”** চেপে দিন।

✓ কোথায় পাবেন

আরও → সেটিংস → **“মনোযোগ ও লক”**। সুইচে চাপলে চালু/বন্ধ, নামে চাপলে বিস্তারিত।

সালাত লক





১ প্রতিটি নামাজের সময় বাছাই করা অ্যাপগুলোর ওপর একটা লক স্ক্রিন আসবে।

২ **“সালাত লক চালু করুন”**।

৩ **ব্যবহারের তথ্য**: কোন অ্যাপ খোলা, বুঝতে লাগে।

৪ **অন্য অ্যাপের ওপরে দেখানো**: লক স্ক্রিন দেখাতে লাগে। **“অনুমতি দিন”**।

৫ **ডু নট ডিস্টার্ব**: লকের সময় কল আর নোটিফিকেশন চুপ থাকে, অ্যালার্ম বাজে।

৬ কোন নামাজে লক হবে, সুইচ দিয়ে বাছুন।

৭ **“ওয়াক্ত শুরু”** থেকে নাকি **“জামাত”**-এর সময় থেকে, কত মিনিট পরে লক হবে, আর কতক্ষণ থাকবে।

কোন অ্যাপ লক হবে





১. সময়-নষ্টের অ্যাপ আগে থেকেই বাছা। **“বদলান”** চেপে যোগ বা বাদ দিন। ফোন, SMS আর এই অ্যাপ কখনো লক হয় না।

২. **জরুরি দরকারে খুলতে চাইলে**: **“নরম”** (প্রশ্নের উত্তর দিয়ে ৫ মিনিট) বা **“মাঝারি”** (একটা বাক্য লিখে ৩০ সেকেন্ড অপেক্ষা, ১০ মিনিট, দিনে ৩ বার)।

৩. অ্যাপের তালিকা শুধু এই ফোনে থাকে, নামাজের সময়গুলো সব ফোনে যায়।

৪. লক স্ক্রিন: কেন লক, আর কখন পর্যন্ত।

৫. **“তবুও খুলুন”**: সত্যিই দরকার হলে। আগে কয়েক সেকেন্ড অপেক্ষা করতে হয়।

৬. **“ফিরে যান”**: অ্যাপ বন্ধ করে ফিরে যান। সালাত লকে **“নামাজ পড়েছি”** চাপলে লক সাথে সাথে শেষ।

ফোকাস, ঘুম আর দৈনিক সীমা





১. **ফোকাস লক**: ফোকাস টাইমার চললে অ্যাপ লক। বিরতি আর থামানো টাইমারে লক থাকে না।

২. চাইলে রুটিনের কোনো সময়েও (যেমন ক্লাস) টাইমার ছাড়াই লক।

৩. **দৈনিক সীমা**: সব সময়-নষ্টের অ্যাপ মিলিয়ে একটা সীমা।

৪. **"অ্যাপ যোগ করুন"**: একটা অ্যাপের জন্য আলাদা সীমা।

৫. শেষ হওয়ার ৫ মিনিট আগে জানাবে, তারপর রাত ১২টা পর্যন্ত লক।

✓ ঘুমের লক

রাতে ঠিক করা সময় থেকে **"ফজরের ওয়াক্তে"** (বা নির্দিষ্ট সময়ে) পর্যন্ত লক। বাকিটা সালাত লকের মতোই।

অধ্যায় ১১

রিমাইন্ডার

১. রিমাইন্ডার হাব ৭৮

২. নতুন রিমাইন্ডার ৭৯

৩. আরও কিছু সেটিং ৮০

৪. জামাতের আগে আর অ্যালার্ম ৮১

৫. দরূদ আর ইস্তিগফার ৮২

৬. রিমাইন্ডার যেন ঠিকমতো বাজে ৮৩

যে বিষয়টা দরকার, তার নামে চাপুন। প্রতিটি পাতার নিচে বাঁ কোণে চাপলে এখানে ফিরে আসবেন।

রিমাইন্ডার হাব



১. আজ কয়টা রিমাইন্ডার, কয়টা আসছে, কয়টা হয়ে গেল।

২. তিনটি ট্যাব: **“আজ”**, **“পরিচালনা”** আর **“সেটআপ”**।

৩. **পরবর্তী রিমাইন্ডার**: কোনটা, কখন, আর কতক্ষণ পরে।

৪. **“আজকের আগামী”**: আজকের বাকি রিমাইন্ডারের তালিকা।

৫. **প্রস্তাবিত প্রিসেট**: তাহাজ্জুদ, সূরা ওয়াকিয়াহ, সূরা মুলক... এক চাপে রিমাইন্ডার।

৬. **কোর রিমাইন্ডার**: পাঁচ ওয়াক্ত নামাজ আর সকাল-সন্ধ্যার আজকার। সবসময় চালু থাকে, সময় আর ধরন বদলানো যায়।

✓ কোথায় পাবেন

আজ পাতার **“দ্রুত প্রবেশ”** → **“রিমাইন্ডার”**, অথবা আরও → রিমাইন্ডার।

নতুন রিমাইন্ডার



১ **“পরিচালনা”** → **“কাস্টম রিমাইন্ডার তৈরি করুন”**। কিসের সাথে: **“নামাজ”** (নামাজের সময় ধরে), **“দৈনিক রিমাইন্ডার”** (প্রতিদিন একই সময়) বা **“সাপ্তাহিক রিমাইন্ডার”**।

২ কোন নামাজের সাথে।

৩ ওয়াক্ত শুরুর আগে, পরে, নাকি **“জামাতের আগে”**।

৪ কত মিনিট আগে বা পরে।

৫ কখন বাজবে, আর কতক্ষণ পরে।

৬ **“নীরব”**: শুধু নোটিফিকেশন, শব্দ নেই।

৭ **“মৃদু”**: ফোনের সাধারণ নোটিফিকেশনের শব্দ।

৮ **“তীব্র অ্যালার্ম”**: অ্যালার্মের মতো বাজে, ভাইব্রেশন আর পুরো স্ক্রিন।

আরও কিছু সেটিং





১ **“লক-স্ক্রিনে ফুল-স্ক্রিন দেখান”**: ফোন লক থাকলে পুরো স্ক্রিনে আসবে। **“ফুল-স্ক্রিন প্রিভিউ দেখুন”** চেপে এখনই দেখে নিন।

২ **নিজের মেসেজ**: রিমাইন্ডারে যা লেখা থাকবে। খালি রাখলে অ্যাপের মেসেজ।

৩ **স্নুজ**: "পরে মনে করান" চাপলে কতক্ষণ পরে আবার বাজবে।

৪ **রিংটোন**: ডিফল্ট, বিপ বিপ বা আযান।

৫ **মিশন**: তীব্র অ্যালার্ম বন্ধ করতে আগে একটা কাজ করতে হবে, যেমন জিকির গোনা বা লেখা। ঘুম ভাঙাতে কাজে লাগে।

জামাতের আগে আর অ্যালার্ম





১. একটা বা একাধিক নামাজ বাছুন।

২. **“জামাতের আগে”**: মসজিদের জামাতের সময় ধরে বাজবে। আগে সেটিংসে জামাতের সময় দিন।

৩. জামাতের কত মিনিট আগে।

৪. তীব্র অ্যালার্ম বাজলে: সময়, আর পরের অ্যালার্ম কবে।

৫. কোন রিমাইন্ডার।

৬. **“অ্যালার্ম বন্ধ করুন”**। মিশন থাকলে আগে সেটা করতে হয়।

দরূদ আর ইস্তিগফার





১. ফজর থেকে ঘুম পর্যন্ত কিছুক্ষণ পর পর মনে করায়। নামাজের ওয়াক্ত শুরুর ১০ মিনিটে আসে না।

২. **দরূদ** আর **ইস্তিগফার**: আলাদা আলাদা চালু বা বন্ধ।

৩. **কত পর পর**: ৩০ মিনিট, ১ ঘণ্টা... বা নিজে ঠিক করুন।

৪. **শব্দ**: শব্দসহ বা নিঃশব্দ।

৫. **লক স্ক্রিনে পুরো স্ক্রিনে দেখাও**: চালু থাকলে লক স্ক্রিনে পুরো পাতা জুড়ে আসে।

৬. **"পড়েছি"** চাপলে কতবার যোগ হবে, যেমন ১১।

✓ কোথায় পাবেন

রিমাইন্ডার হাবের **"সেটআপ"** ট্যাব, অথবা সেটিংস → **"রিমাইন্ডার সেটিংস"**।

রিমাইন্ডার যেন ঠিকমতো বাজে





১. **নোটিফিকেশন**: **“অনুমতি দিন”** চাপুন।

২. **নির্ভুল অ্যালার্ম**: **“সেটিংস খুলুন”** চেপে চালু করুন, যাতে ঠিক সময়ে বাজে।

৩. **ফুল-স্ক্রিন অ্যালার্ম**: সবুজ **“প্রস্তুত”** লেখা থাকলে ঠিক আছে।

৪. কিছু ফোনে (OnePlus, Xiaomi...) আরও কয়েকটা সেটিং লাগে। অ্যাপ নিজেই বলে দেয় কোথায় যেতে হবে।

৫. **“ফোন যেন রিমাইন্ডার না আটকায়”**: সব দরকারি সেটিং এক পাতায়, প্রতিটির পাশে ✓ বা **“দিন”**।

৬. **ফুল-স্ক্রিন রিমাইন্ডার**: **“স্ক্রিন জ্বলে উঠবে”** বা **“স্ক্রিন বন্ধই থাকবে”**।

পরীক্ষা করে নিন

সেটআপ ট্যাবের নিচে **“রিমাইন্ডার ডেলিভারি টেস্ট করুন”**: নীরব, মৃদু আর তীব্র অ্যালার্ম এখনই একবার বাজিয়ে দেখুন।

অধ্যায় ১২

মুহাসাবা আর পরিসংখ্যান

১. দৈনিক মুহাসাবা ৮৫

২. আত্মসংশোধন ৮৬

৩. আজকের পরিসংখ্যান ৮৭

৪. সপ্তাহের হিসাব ৮৮

৫. নামাজের সাপ্তাহিক হিসাব ৮৯

৬. মাসের হিসাব ৯০

যে বিষয়টা দরকার, তার নামে চাপুন। প্রতিটি পাতার নিচে বাঁ কোণে চাপলে এখানে ফিরে আসবেন।

দৈনিক মুহাসাবা



১. দিন বাছুন। আগের ৬ দিনের হিসাবও লেখা যায়।

২. আজ ফোকাসের কতটা হলো, এক লাইনে।

৩. দুই ভাগ: **“দৈনন্দিন মুহাসাবা”** আর **“আত্মসংশোধন”**।

৪. আজ মন কেমন, ছোট একটা নোট, আর আগামীকালের নিয়ত।

৫. **“মুহাসাবা সংরক্ষণ করুন”**।

৬. **“বিস্তারিত মুহাসাবা যুক্ত করুন”**: কৃতজ্ঞতা, শিক্ষণীয় বিষয়, নেক আমল, ভুলত্রুটি আর গোপন নোট।

✓ কোথায় পাবেন

আজ পাতার **“দ্রুত প্রবেশ”** → **“প্রতিফলন”**। এখানে যা লিখবেন, শুধু আপনিই দেখবেন।

আত্মসংশোধন



১ কী ভুল হলো: তালিকা থেকে বাছুন বা নিজে লিখুন।

২ কীভাবে সংশোধন করবেন: তওবা, সদকা, ক্ষমা চাওয়া...

৩ অবস্থা: **“পরিকল্পিত”**, **“সম্পন্ন”** বা **“বাদ দেওয়া হয়েছে”**।

৪ **“গোপনে সংরক্ষণ করুন”**।

নিচে কী থাকে

“অপেক্ষমাণ সংশোধন”: যেগুলো এখনো করা হয়নি। সম্পন্ন হলে সেখান থেকে চিহ্ন দিন।

আজকের পরিসংখ্যান



১. **আমলের বিস্তারিত**: প্রতিটি আমল আলাদা করে। নামাজ, জিকির আর পড়ারও এমন ভাগ আছে।

২. আমলের নাম আর অবস্থা।

৩. লক্ষ্য কত ছিল, কতটা হলো।

৪. শতাংশ।

✓ কোথায় পাবেন

আজ পাতার **“দ্রুত প্রবেশ”** → **“পরিসংখ্যান”**। উপরে **“আজ”**, **“সপ্তাহ”** আর **“মাস”**।

সপ্তাহের হিসাব



১ ‹ › চেপে আগের সপ্তাহ দেখুন।

২ **সাপ্তাহিক অগ্রগতির ধারা**: প্রতিদিন কত শতাংশ, এক রেখায়। তারা দেওয়া দিনটা সেরা।

৩ **বিভাগ ভিত্তিক**: প্রতিদিন নামাজ, আমল, জিকির, পাঠ, প্রতিফলন কতটা। রং যত গাঢ়, তত ভালো।

৪ **সাপ্তাহিক হাইলাইটস**: সেরা দিন, আর কোন দিনে আরও ভালো করার সুযোগ।

নামাজের সাপ্তাহিক হিসাব



১ **ওয়াক্ত পড়া**: সপ্তাহে কত ওয়াক্তের মধ্যে কত পড়লেন।

২ **ফরজ রাকাত** আর **সুন্নত রাকাত**।

৩ **ওয়াক্তের অবস্থা**: জামাত, একা, কাজা আর মিস, কোনটা কতবার। সবুজ ভালো, লাল মিস।

মাসের হিসাব





১ **মাসিক অগ্রগতি**: মোট কত শতাংশ, কতগুলো সম্পন্ন, টানা কয় দিন (বর্তমান আর সেরা), আর কয় দিন অ্যাপ ব্যবহার করেছেন।

২ **মাসিক কার্যকলাপ ক্যালেন্ডার**: প্রতিদিন কেমন গেল, একটা ফোঁটায়। ফোঁটা যত গাঢ়, দিন তত ভালো। তারা দেওয়া দিনটা মাসের সেরা।

নিচে আরও

“নামাজের মাসিক হিসাব” আর **“অন্যান্য অগ্রগতি”**: আমল, জিকির, পাঠ আর প্রতিফলনের মাসের মোট।

অধ্যায় ১৩

উইজেট, সেটিংস আর বন্ধু

১. হোম স্ক্রিনের উইজেট ৯২

২. উইজেট যোগ করুন ৯৩

৩. সেটিংস ৯৪

৪. লেখা, ভাষা আর রং ৯৫

৫. ফোন আর সাহায্য ৯৬

৬. বিশ্বস্ত বৃত্ত: বন্ধুর সাথে শেয়ার ৯৭

যে বিষয়টা দরকার, তার নামে চাপুন। প্রতিটি পাতার নিচে বাঁ কোণে চাপলে এখানে ফিরে আসবেন।

হোম স্ক্রিনের উইজেট



১ **নামাজের উইজেট**: এখন কোন ওয়াক্ত, আর কতক্ষণ বাকি।

২ অ্যাপ না খুলেই চিহ্ন দিন: **“আউয়াল”**, **“দেরি”**, সুন্নত, বিতর।

৩ আজকের পাঁচ ওয়াক্ত এক নজরে, আর কোনটা বাদ গেছে।

৪ **আজকের রুটিনের উইজেট**: তারিখ, এখনকার ওয়াক্ত আর ডান কোণে আজকের অগ্রগতি।

৫ এই সময়ের আমল আর জিকির। গোলে চাপলেই টিক।

৬ লাল দাগ: এখন সময়।

উইজেট যোগ করুন





১. চারটি উইজেট: নামাজ, দৈনিক আমল, জিকির আর আজকের রুটিন।

২. **“হোম স্ক্রিনে যোগ করুন”** চাপুন। ফোন জিজ্ঞেস করলে **“Add”** চাপুন।

৩. না হলে নিজে যোগ করুন: হোম স্ক্রিনের খালি জায়গায় চেপে ধরুন → উইজেট → Islamic Amal Tracker → দরকারি উইজেট টেনে আনুন।

৪. তথ্য পুরনো দেখালে **“উইজেটের তথ্য ও অবস্থা রিফ্রেশ করুন”**।

✓ কোথায় পাবেন

আরও → সেটিংস → **“হোম স্ক্রিন উইজেট”**।

সেটিংস



১. খুঁজুন: যেমন "আরবি", "অ্যালার্ম" লিখলেই সেই সেটিং।

২. **“প্রোফাইল”**: সাইন ইন, ভাই/বোন, ছাড়ের দিন।

৩. **“অ্যাপিয়ারেন্স ও ভাষা”**: অ্যাপের রং আর ভাষা।

৪. **“লেখা ও পড়া”**: লেখার আকার, আরবি ফন্ট।

৫. **“হোম স্ক্রিন উইজেট”**।

৬. **“নামাজ ও লোকেশন”** আর **“জামাতের সময়”**। নিচে রিমাইন্ডার, মনোযোগ ও লক, সাহায্য।

৭. **“সাইন ইন / সাইন আপ”**: অ্যাকাউন্ট খুললে হিসাব ক্লাউডে থাকে, অন্য ফোনেও পাবেন।

৮. **“নামাজের হিসাব (ভাই / বোন)”**।

৯. **“নামাজে ছাড়ের দিন চলছে”** (বোনদের জন্য)।

লেখা, ভাষা আর রং





১. **অ্যাপের লেখার আকার**: ছোট, স্বাভাবিক, বড়, খুব বড়।

২. **“ফোনের সেটিং মেনে চলুন”**: ফোনের লেখার আকারই নেবে।

৩. **আরবি ফন্ট**: নূরেহুদা, হাফস, আমিরি...

৪. **আরবির আকার**: − / + চেপে বড়-ছোট।

৫. মোটা লেখা আর লাইনের ফাঁক। নিচে প্রিভিউতে সাথে সাথে দেখায়।

৬. **ভাষা**: বাংলা বা ইংরেজি। উপরে অ্যাপের রং।

৭. **সময় বাছাইয়ের ধরন**: অ্যানালগ বা ডিজিটাল ঘড়ি।

চোখে কম দেখেন?

দোয়ার পাতায় চোখের বোতাম চাপলে সহজ পড়ার মোড: বড় আর মোটা লেখা।

ফোন আর সাহায্য





১ **“ফোন যেন রিমাইন্ডার না আটকায়”**: কয়টা সেটিং বাকি, এক নজরে।

২ যেগুলোর পাশে ✓, সেগুলো ঠিক আছে।

৩ বাকিগুলোর পাশে **“দিন”**। চাপুন, ফোনের সেই পাতা খুলবে।

৪ **প্রশ্নোত্তর**: সাধারণ প্রশ্নের উত্তর। প্রশ্নে চাপলে উত্তর খোলে।

✓ কোথায় পাবেন

সেটিংস → রিমাইন্ডার → **“ফোন যেন রিমাইন্ডার না আটকায়”**। প্রশ্নোত্তর: সেটিংস → সাহায্য।

বিশ্বস্ত বৃত্ত: বন্ধুর সাথে শেয়ার



১. নিজের অগ্রগতির সারাংশ শুধু আপনার অনুমোদিত মানুষের সাথে। ডিফল্টে সব ব্যক্তিগত।

২. কয়জন বন্ধু যুক্ত, কয়টা অনুরোধ অপেক্ষায়।

৩. বন্ধুরা শুধু সারাংশ দেখে। আপনার নোট আর মুহাসাবা কখনো শেয়ার হয় না।

৪. তিনটি ট্যাব: **“যুক্ত আছে”**, **“অনুরোধ”** আর **“বন্ধু যুক্ত করুন”**।

৫. বন্ধুর ইমেইল লিখে **“বন্ধু খুঁজুন”**। বন্ধু গ্রহণ করলে একে অপরের সারাংশ দেখবেন।

> ✓ **সাইন ইন লাগে**
> বন্ধুর সাথে শেয়ার করতে দুজনেরই অ্যাকাউন্টে সাইন ইন থাকতে হবে।

অধ্যায় ১৪

প্রশ্নোত্তর

১৪

১. প্রায়ই যা জানতে চান ৯৯

২. আরও কিছু প্রশ্ন ১০০

যে বিষয়টা দরকার, তার নামে চাপুন। প্রতিটি পাতার নিচে বাঁ কোণে চাপলে এখানে ফিরে আসবেন।

প্রশ্নোত্তর

প্রায়ই যা জানতে চান

অ্যাকাউন্ট ছাড়া কি অ্যাপ চলবে?

হ্যাঁ, পুরোটা। সব হিসাব ফোনেই থাকে। ফোন বদলালে হিসাব সাথে নিতে চাইলে সাইন ইন করুন।

নামাজের সময় মসজিদের সাথে মিলছে না?

নামাজ পাতার ⚙ → **“সময় সমন্বয় (ইহতিয়াত)”** থেকে সেই ওয়াক্তে মিনিট কমান বা বাড়ান।

গতকালের নামাজ বা আমল লিখতে ভুলে গেছি?

উপরের তারিখের সারিতে গতকাল চাপুন। ৭ দিন পর্যন্ত বদলানো যায়।

জামাতের বোতাম দেখছি না কেন?

“বোন” বাছা থাকলে জামাত আর জুমু’আ থাকে না। সেটিংস → প্রোফাইল থেকে বদলাতে পারেন।

রাত ১২টার পর ইশা পড়লে কোন দিনে চিহ্ন দেব?

গতকালের তারিখে। ফজর পর্যন্ত ইশা গতকালেরই থাকে।

অনেক কাজা জমে আছে, কোথা থেকে শুরু করব?

“কাজা ম্যানেজার” → **“লাইফটাইম কাজা”**-এ মোট সংখ্যা লিখুন, তারপর প্রতিদিন একটু একটু করে আদায় করুন।

প্রশ্নোত্তর

আরও কিছু প্রশ্ন

রিমাইন্ডার ঠিক সময়ে বাজছে না?

সেটিংস → **“ফোন যেন রিমাইন্ডার না আটকায়”**। যেগুলোর পাশে **“দিন”**, সব চালু করুন। Xiaomi, OnePlus, Realme ফোনে অটো-স্টার্ট আর ব্যাটারির সেটিং বিশেষ দরকারি।

জিকিরে ভুলে রিসেট চেপেছি?

সাথে সাথে নিচের **“ফিরিয়ে নিন”** চাপুন।

জিকিরে "এই সময়ে" আর "আজ মোট" আলাদা কেন?

"এই সময়ে" শুধু বাছা নামাজের পরের হিসাব, "আজ মোট" সব সময় মিলিয়ে।

একটা আমল কয়েক সময়ে করি?

“রুটিনে যোগ করুন”-এ সব সময়ে টিক দিন। প্রতিটি সময়ে আলাদা করে আসবে।

লক থেকে বের হতে পারছি না?

লক স্ক্রিনে **“তবুও খুলুন”**। কয়েক সেকেন্ড অপেক্ষার পর ১০ মিনিটের জন্য খোলে। পুরোপুরি বন্ধ করতে: সেটিংস → মনোযোগ ও লক।

আমার তথ্য কি অন্য কেউ দেখে?

না। বন্ধুর সাথে শেয়ার চালু করলে শুধু সারাংশ যায়। মুহাসাবা, নোট আর কোন অ্যাপে কত সময় গেল, কখনো শেয়ার হয় না।

সাহায্য দরকার?

কোনো কিছু বুঝতে না পারলে আমাদের জানান,
আমরা সাহায্য করব।

alifsalek.as@gmail.com

অ্যাপে: সেটিংস → সাহায্য → প্রশ্নোত্তর ও যোগাযোগ

আমল ট্র্যাকার

Google Play-তে পাবেন